# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী।

তারিখ ঃ ২৬ সেপ্টেম্বর, ২০১২

স্থান ঃ সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।

সভাপতি ঃ ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

আলোচ্যসূচী-১ঃ গত ১৩ আগস্ট, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ১৩ আগস্ট, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়ীকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ জুলাই ও আগস্ট, ২০১২ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০১২ মাসে গৃহকর বাবদ ৯,৬৫,৩৭৪.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ৮,৫৩,৬০৯.০০ আদায় হয়েছে। যা মোট দাবীর ৭.৭৯%। গৃহকর সাধারণতঃ জুন এবং ডিসেম্বর মাসে পরিশোধ করা হয় বিধায় ডিসেম্বর, ২০১২ নাগাদ দাবীর অধিকাংশ আদায় হয়ে যাবে। এলাকা ভিত্তিক ট্যাক্স কালেক্টরগণকে স্ব স্ব এলাকার গৃহকর এবং দোকান ভাড়া হালনাগাদ আদায়ের সর্বাত্মক প্রচেষ্টা গ্রহণ করতে হবে।

আলোচ্যসূচী-৩ঃ আগস্ট, ২০১২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ আগস্ট, ২০১২ মাসের আয়-ব্যয়ের হিসাব বিরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ ২০১১-২০১২ আর্থিক সালের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ২০১১-২০১২ আর্থিক সালের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ আগস্ট, ২০১২ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

গৃহীত সিদ্ধান্ত ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানসহ ক্যান্টনমেন্ট বাজার এলাকা এবং সিএমএইচ এর অভ্যন্তরে মশার উপদ্রব নিয়ন্ত্রণের লক্ষ্যে লার্ভিসাইড এবং ফগিং জোরদার করার জন্য স্টেশন হেলথ অর্গানাইজেশন কর্তৃক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৭৯, রোড#৯, ফ্ল্যাট#এ/২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস শাহীলা কবির স্বামী- ড. বাবর কবির ফ্ল্যাট#বি-৪, বাড়ী#৪৯/ডি, রোড#১৩/বি, সেক্টর#৩, উত্তরা, ঢাকা-১২৩০ তাং- ১৮/৯/২০১১ | মিসেস শামীম ফাতিমা স্বামী- লেঃ কর্ণেল মোঃ সেরাজুল হক বাড়ী#১৫/বি, রোড#২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ২৬/৮/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.২৬.০৮.১২ | ফ্ল্যাটের আয়তন- ১৬৫০ ব:ফু: কার পার্কিং ১টি (নিচ তলা) বার্ষিক গৃহকর- ২৬,২৫০/-টাকা জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (২) | বাড়ী#২৮, রোড#৪, ফ্ল্যাট#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম (মিসেস আফসানা চৌধুরী, মোঃ ইউসুফ রিয়াজ ও মোঃ ইউসুফ নিয়াজ এর নিযুক্তীয় আম-মোক্তার) বাড়ী#২৮, রোড#৪, ফ্ল্যাট#২/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১১/৬/২০১২ | মিসেস নাসিমা আকতার স্বামী- মেজর (অবঃ) মোহাম্মদ শফিউল আলম বাড়ী#১৫/বি, রোড#২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৪/৯/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.০৪.০৯.১২ | ফ্ল্যাটের আয়তন- ২০৫৪ ব:ফু: কার পার্কিং- ৩টি (নিচ তলা) ০২টি রুম (১৫×১২)- নিচ তলা অবিভক্ত ও অচিহ্নিত জমি- ৭৪১ বর্গফুট বার্ষিক গৃহকর- ১৩,৫০০/- টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৩) | বাড়ী#৪৭, রোড#১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ব্যারিস্টার ওমর ফারুক চৌধুরী বাড়ী#৪৭, রোড#১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৩/৯/২০১২ | ইলিনা ফারুক পিতা- ব্যারিস্টার ওমর ফারুক চৌধুরী, মাতা- মাহবুবা ফারুক বাড়ী#৪৭, রোড#১০, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | পিতা কর্তৃক ঔরসজাত কন্যাকে ডিক্লারেশন অব হেবা | প্লটের আয়তন ৭৪৪৫ বঃফুঃ ০৪(চার) কাঠা কম বার্ষিক গৃহকর- ৪,৫০০/ টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই, বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (৪) | বাড়ী#৬ শহীদ সরণি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব আমিন আহমদ পিতা- মৃত ডাঃ মফিজ উদ্দিন আহমেদ ভূইয়া বাড়ী#৩৩, রোড#২, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫। তাং- ০২/৯/২০১২ | (১) জনাব শেখ আব্দুল হাই বাচ্চু (২) জনাব শেখ শাহরিয়ার পান্না সর্বপিতা- মৃত শেখ আব্দুল হামিদ বাড়ী#২/২/এ, রোড#৪ ডিওএইচএস বনানী ঢাকা সেনানিবাস। | ১৩ সেপ্টেম্বর, ২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১৩.০৯.১২ | একতলা বাড়ীসহ প্লট হস্তান্তর প্লটের আয়তন ৮৮২০ বঃফুঃ (১২.২৫ কাঠা) বার্ষিক গৃহকর ঃ ৯,০০০/ জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত। বরাদ্দের অতিরিক্ত জমি নেই। অননুমোদিত নির্মাণ নেই। |
| (৫) | বাড়ী#৬/এ, শহীদ সরণি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব আমিন আহমদ পিতা- মৃত ডাঃ মফিজ উদ্দিন আহমেদ ভূইয়া বাড়ী#৩৩, রোড#২, ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫। তাং- ০২/৯/২০১২ | (১) মিসেস শিরিন আক্তার স্বামী- শেখ আব্দুল হাই বাচ্চু (২) শেখ রাফা হাই (৩) শেখ সাবিদ হাই অনিক সর্বপিতা-শেখ আব্দুল হাই বাচ্চু বাড়ী#২/২/এ, রোড#৪ ডিওএইচএস বনানী ঢাকা সেনানিবাস। | ১৩ সেপ্টেম্বর, ২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১৩.০৯.১২ | একতলা বাড়ীসহ প্লট হস্তান্তর প্লটের আয়তন ১১৫২০ বঃফুঃ (১৬.০০ কাঠা) বার্ষিক গৃহকর ঃ ৯,০০০/ জুন, ২০১৩ পর্যন্ত পরিশোধিত। বরাদ্দের অতিরিক্ত জমি নেই অননুমোদিত নির্মাণ নেই। |
| (৬) | বাড়ী#৭০, ফ্ল্যাট#সিএ-১, রোড#৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) বেগম ফেরদৌস হাসান, স্বামী- মরহুম হাফিজুল হাসান, (২) মোঃ হাসান আল ফারুক ও (৩) সাহিলা হাসান, সর্বপিতা- মরহুম হাফিজুল হাসান বাড়ী#৭০, রোড#৬/এ, ক্যান্টনমেন্ট বা/এ, ঢাকা সেনানিবাস তাং- ১৮/৩/২০১২ | মিসেস শিরিন হাসনাত স্বামী- মেজর (অবঃ) আবুল হাসনাত বাড়ী#২/২-এ, ফ্ল্যাট#বি-১, রোড#৪, ডিওএইচএস বনানী, ঢাকা সেনানিবাস। | ১১ সেপ্টেম্বর, ২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০২৯.০১.১১.০৯.১২ | ফ্ল্যাটের আয়তন ১৪৮০ বঃফুঃ বার্ষিক গৃহকর- ৯,০০০/ টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-৩ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৭ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ী ব্যতীত অন্যান্য প্লট/ফ্ল্যাটগুলো বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/ নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৬৭/সি, ফ্ল্যাট#৪-এ (৪র্থ তলা), রোড#৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস রোকেয়া বেগম স্বামী- মেজর মোঃ শহীদুল্লাহ (অবঃ) বাড়ী#৬৭/সি, ফ্ল্যাট#৪-এ (৪র্থ তলা), রোড#৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ১৪/৬/২০১২ | মেজর মোঃ শহীদুল্লাহ (অবঃ) বাড়ী#৬৭/সি, ফ্ল্যাট#৪-এ (৪র্থ তলা), রোড#৬/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ডিক্লারেশন অব হেবামূলে | ১২/৩/২০১২ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ /৬৭/সি/ ফ্ল্যাট নং-৪-এ/ ৫০ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন ১৪৬৩ বঃফুঃ কার পার্কিং ১টি (নিচতলা) বার্ষিক গৃহকর ৭,৬৭৫/ টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই |

গৃহীত সিদ্ধান্ত ঃ রেজিস্ট্রিকৃত ডিক্লারেশন অব হেবা দলিলমূলে স্বামী কতৃক স্ত্রী-কে দান করায় মিসেস রোকেয়া বেগম, স্বামী- মেজর মোঃ শহীদুল্লাহ (অবঃ) এর নামে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৭/সি নং প্লটে নির্মিত বাড়ীর ৪-এ (৪র্থ তলা) নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের গত ১৩ আগস্ট, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৭(১), ৭(২) ও ৭(৩) এর মাধ্যমে গৃহীত সিদ্ধান্ত পুনর্বিবেচনার বিষয়ে ১১ সেপ্টেম্বর, ২০১২ তারিখের আবেদনের উপর আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#৬৭, রোড#৭, ফ্ল্যাট#বিসি ১ (২য় তলা উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | বেগম ফারজানা চৌধুরী স্বামী- সাইফুল আহমদ চৌধুরী বাড়ী#৬৭, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | (১) জনাব ফখরুদ্দিন আহমেদ, পিতা- মরহুম শরফ উদ্দিন আহমেদ (২) সেজুফতা শিরিন স্বামী- জনাব ফখরুদ্দিন আহমেদ বাড়ী#৬৭, রোড#৭, ফ্ল্যাট#বিসি-১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৩/৬/২০১২ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০ ২৯.০১.০৩.০৬.১২ | ফ্ল্যাটের আয়তন- ২৮০৫ বঃফুঃ কার পার্কিং- ২৯০ বঃ ফুঃ বার্ষিক পৃঃকর- ১১,৬৬৬/ টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই বরাদ্দের অতিরিক্ত ৫০৮ বঃ ফুঃ জমি দখলে আছে। |
| (২) | বাড়ী#৬৭, রোড#৭, ফ্ল্যাট#এ ৫ (৬ষ্ঠ তলা দক্ষিণ পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব সাইফুল আহমদ চৌধুরী বাড়ী#৬৭, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ক্যাপ্টেন মোঃ রুহুল আমিন, পিতা- মরহুম আব্দুল মান্নান বাড়ী#২৩, রোড#৪, ফ্ল্যাট#১৬, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ০৬/১/২০০৮ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ | ফ্ল্যাটের আয়তন- ১৮০৭ বঃফুঃ কার পার্কিং- ২৯০ বঃ ফুঃ বার্ষিক পৃঃকর- ১১,৬৬৬/ টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত ৫০৮ বঃ ফুঃ জমি দখলে আছে। |
| (৩) | বাড়ী#৬৭, রোড#৭, ফ্ল্যাট#বি ৫ (৬ষ্ঠ তলা উত্তর পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব সাইফুল আহমদ চৌধুরী বাড়ী#৬৭, রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ডাঃ রকিক আওসাফ সুফি পিতা- সুফি আওসাফুল ইসলাম বাড়ী#২৬, রোড#৪, ফ্ল্যাট#৪/বি, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১২/৫/২০০৬ তারিখের ১৩০০/১২০/৫৭/৫ | ফ্ল্যাটের আয়তন- ১২০০ বঃফুঃ কার পার্কিং- ২৯০ বঃ ফুঃ বার্ষিক পৃঃকর- ১১,৬৬৬/ টাকা জুন, ২০১২ পর্যন্ত পরিশোধিত। অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত ৫০৮ বঃ ফুঃ জমি দখলে আছে। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বরাদ্দের অতিরিক্ত দখলকৃত জমিতে কোন স্থাপনা নির্মাণ না করার শর্তে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের পশ্চিম পার্শ্বে স্বাধীনতা চত্বরের উত্তর-পূর্ব কোনায় ৪০ × ২০ সাইজের একটি বিলবোর্ড স্থাপনের অনুমতির জন্য বুলবুল প্রচারণী এর ০২ সেপ্টেম্বর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের প্রস্তাবিত স্থানে ২০ × ৩০ সাইজের একটি বিলবোর্ড স্থাপনের নিমিত্তে সর্বোচ্চ দরদাতাকে বোর্ডের অনুমোদিত নীতিমালা প্রতিপালন সাপেক্ষে ০১(এক) বছরের জন্য অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। শর্তপূরণ সাপেক্ষে প্রতি বছর ইজারাকৃত বিলবোর্ড/সাইনবোর্ড এর বিষয়টি তদারকি করার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

(১) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সভাপতি
(২) প্রতিনিধি, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। -- সদস্য
(৩) সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

আলোচ্যসূচী-১০ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | লেঃ কর্নেল তপন মিত্র চৌধুরী (অবঃ) | ৬৩২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা (খালি প্লট) |
| (২) | মিসেস নাহিদ পারভিন স্বামী- লেঃ কর্নেল মীর সাইদুর রেজা (অবঃ) | ৬৮৮ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা ভবন (খালি প্লট) |
| (৩) | মোঃ আব্দুস সালাম | ৭৫২ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন |
| (৪) | (ক) ক্যাপ্টেন (অবঃ) পাটোয়ারী জহির (খ) কমান্ডার (অবঃ) এম আনোয়ার | ৭৬০/এ ও ৭৬১/এ | মিরপুর ডিওএইচএস | যৌথভাবে ০৭ তলা নতুন ভবন |
| (৫) | উইং কমান্ডার মাহবুবুল ইসলাম | ৯২৬ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন |
| (৬) | ব্রিগেঃ জেনাঃ ফারুক আহমেদ মেজর (অবঃ) মাহমুদা হাসান | ১০৬৯ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন |
| (৭) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) জাহিদ মাহমুদ | ১১০৯ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন |
| (৮) | ব্রিগেঃ জেনাঃ তানভির হাসান মজুমদার | ১০৪২ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা ভবন (অভ্যন্তরীণ পরিবর্তন) |

| | | | | |
|---|---|---|---|---|
| (৯) | উইং কমান্ডার এএসএম মিজানুর রহমান ভূঁইয়া | ১১৭৪ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন |
| (১০) | কর্ণেল আশফাক উজ্জামান চৌধুরী | ১১৩৪ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| (১১) | কমান্ডার মোঃ খোরশেদ আলম | ১২৫৩ | মিরপুর ডিওএইচএস | ০৭ তলা নতুন ভবন |
| (১২) | মেজর জেনাঃ আবু বেলাল মোঃ শফিউল হক | ২৯১ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা |
| (১৩) | (ক) ব্রিগেঃ জেনাঃ তুষার কান্তি চাকমা<br>(খ) ব্রিগেঃ জেনাঃ কাজী আবিদুস সামাদ | ৬৭৬ ও ৬৭৮ | মিরপুর ডিওএইচএস | যৌথভাবে ০৬ তলার উপর ০৭ তলা |
| (১৪) | মেজর খান মোঃ সাজ্জাদ আকবর (অবঃ) | ৭৬৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলার উপর ০৭ তলা |
| (১৫) | মিসেস মঞ্জুলা শওকত চৌধুরী | ১১২ | মহাখালী ডিওএইচএস | ০৭(সাত) তলা নতুন ভবন (বেজমেন্টসহ)<br>(পুরাতন দোতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৬) | মিসেস নাজমা আক্তার | ৪৪৪ | মহাখালী ডিওএইচএস | ০৭(সাত) তলা নতুন ভবন (বেজমেন্টসহ)০<br>(পুরাতন তিনতলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৭) | আলহাজ্ব মোঃ নজরুল ইসলাম মজুমদার | সি/১০১ | মহাখালী ডিওএইচএস | ০৫ তলার উপর ০৬ তলা ভবন নির্মাণ |
| (১৮) | কমান্ডার তোজাম্মেল হক চৌধুরী | ৪৭৯ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা<br>( ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) |
| (১৯) | হাজী মোঃ আবুল কালাম | ৪২৯ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা<br>( ৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) |
| (২০) | (ক) জনাব মোঃ রেজাউল করিম<br>(খ) জনাব মোঃ সাইফুল ইসলাম ভূঁইয়া | ৩/বি | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা<br>( ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২১) | ব্রিগেঃ জেনাঃ (অবঃ) আলী হাসান | ১০৬ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৭(সাত) তলা<br>( ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |
| (২২) | জনাব শেখ মাসুদুর রহমান গং | প্লট#১২/বি | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা |
| (২৩) | জনাব মোঃ আব্দুল মান্নান | সিবি-২৭২/৩<br>সিএস-১২৮ | মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (২৪) | জনাব শওকত আহমেদ চৌধুরী | সিবি-২৭৩/৩<br>সিএস-১২৫ | মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (২৫) | জনাব মোঃ জহির আলী গং | ২৭৪/৩<br>সিএস-৪২, ৪৪ (অংশ) | মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | সংশোধিত ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা |
| (২৬) | জনাব মোঃ আবু সাহিদ গং | সিবি-১৮৭, ১৮৭/২ ও ১৮৯<br>সিএস-১৪০ (অংশ) | মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | ০৭(সাত) তলা নতুন ভবন |
| (২৭) | হাজী মোঃ আব্দুস ছাত্তার | সিবি-১৩/৪<br>সিএস-১৫০ | মৌজা- লালাসরাই কচুক্ষেত পুরান বাজার | ০৬(ছয়) তলা নতুন ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। এমইও'র ছাড়পত্র পাওয়া গেছে। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) ক্রমিক নং-১ হতে ১১ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১১ টি প্লট, ক্রমিক নং-১৫ ও ১৬ এ বর্ণিত মহাখালী ডিওএইচএস এর ২টি প্লট এবং ক্রমিক নং- ২৩, ২৪ ও ২৬ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ০৩টি প্লটসহ মোট ১৬টি প্লটে ০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-২৭ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ০১টি প্লটে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(গ) অবশিষ্ট ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা কারিগরী ভেটিং এর জন্য এমআইএসটিতে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক ভেটিং বাবদ যাবতীয় খরচ প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

আলোচ্যসূচী-১১ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | মিরপুর ডিওএইচএস এলাকার ২৮ নং রোড এর মাটি ধরে রাখার জন্য সংলগ্ন নিচু জায়গা ভরাটকরণ। | ৩,৩৭,০৮৮/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |
| (২) | মিরপুর সেনানিবাসের ৩৭ এডিএ ইউনিট সংলগ্ন ফায়ারিং রেঞ্জের পশ্চিম পার্শ্বে ময়লাখানার জন্য সংযোগ রাস্তা নির্মাণ কাজ। | ২৩,৪৯,২৮৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং পানির পাম্প জেটিংকরণ। | ৩,৯৮,৫০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| (৪) | শহীদ বদিউজ্জামান রোড সংলগ্ন চৌরাস্তার সিগন্যাল পয়েন্ট নতুন করে প্রগ্রামকরণ। | ১,০০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ |

| | | | |
|---|---|---|---|
| (৫) | বারিধারা ডিওএইচএস এলাকার অনন্যা শপিং কমপ্লেক্স সংলগ্ন গারবেজ পয়েন্টে ওয়াল নির্মাণ ও গেইট/দরজা স্থাপন। | ৩,২০,৫৫৭/- টাকা | বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল (বারিধারা ডিওএইচএস পরিষদ এর ১০/৭/২০১২ তারিখের ডিওএইচএস-বা/ ১২৯/সিইও নং এবং ০৮/৮/১২ তারিখের ডিওএইচএস-বা/ ১২৯/সিইও পত্রের প্রেক্ষিতে) |
| (৬) | বারিধারা ডিওএইচএস এর কনভেনশন সেন্টারের নিচ তলায় ০২টি টয়লেট নির্মাণ। | ১,৯৯,৫৯৬/- টাকা | বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল |
| (৭) | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে টয়লেট নির্মাণ ও অজুখানা সংস্কার ও মেরামতকরণ। | ১,১০,৪০২/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৮) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে সিগন্যাল গেইট পর্যন্ত (শহীদ সরণি) বিভিন্ন অংশে কার্পেটিং ও সীলকোট দ্বারা মেরামত। | ৯,৯৫,৮৩৮/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (৯) | সদর দপ্তর ডিজিএফআই এর মেইন গেট এর পশ্চিম পার্শ্বে ফুটপাতের সাইডে লোহার গ্রীলের রেলিং নির্মাণ কাজ। | ১,৮০,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (১০) | ল্যাবরেটরী ইকুইপমেন্ট স্থাপনের জন্য ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের নিচতলা (পূর্ব) অংশের সংস্কার কাজ। | (ক) ৮,১৪,৫২৯/- টাকা<br>(খ) ৯,৮৫,৪৭০/- টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৩, ৪, ৭, ৮ ও ৯ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে থাই এ্যালুমিনিয়াম (সকল ফ্লোরের জন্য) সরবরাহ ও স্থাপন। | ৬,৩৯,৪২৭/- টাকা | মেসার্স শফিক ট্রেডিং কর্পোরেশন | ৬,৩৯,৪২৭/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের চিলা কোঠায় থাই এ্যালুমিনিয়াম স্থাপন কাজ। | ৩,৫০,০০০/- টাকা | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৩,৫০,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৩) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সোলার লাইট (বাউন্ডারী ওয়াল) সরবরাহ ও স্থাপন। | ১,২৫,৩৫০/- টাকা | মেসার্স জিম এন্টারপ্রাইজ | ১,২৫,৩৫০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৪) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ০৪টি এলসিডি টিভি সরবরাহ (৩২´)। | ২,৮০,০০০/- টাকা | মেসার্স এম আর ট্রেড লিংক | ২,৮০,০০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৫) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ০৫টি ফ্লোরে লিফ্ট লবির সামনে মার্বেল টাইলস স্থাপন। | ২,২৫,৫৫৮/- টাকা | মেসার্স আফসারা কনস্ট্রাকশন | ২,২৫,৫৫৮/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৬) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ভবনের সামনে বিউটি ফিকেশনের কাজ। | ১,১৩,৮৪৯/- টাকা | মেসার্স সিকদার এন্টারপ্রাইজ | ১,১৩,৮৪৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৭) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ফ্রস্টেড পেপার সরবরাহ বিদ্যুতের ড্রপ আউট লাইনের গাঁথুনী ও আরসিসি স্লাব স্থাপন। | ২,০৫,২০০/- টাকা | মেসার্স জহির জান ট্রেডার্স | ২,০৫,২০০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (৮) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের শ্রেণী কক্ষের জন্য ১০০টি ডেস্ক টেবিল ও ১০০টি চেয়ার তৈরী/সরবরাহ কাজ। | ৪,৬১,৯৩৯/- টাকা | দি ইউনিক ইঞ্জিনিয়ার্স | ৪,৮৫,০৩৫/৯৫ | অনুদান |
| (৯) | মহাখালী ডিওএইচএস এলাকার উত্তর-পশ্চিম পার্শ্বের সীমানা দেয়ালের উপর এ্যাঙ্গেলসহ কাঁটা তারের বেড়া স্থাপন এবং ঐ এলাকার মাটি অপসারণ কাজ। | ১,৭৩,৩২৬/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ১,৭৩,৩২৬/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (১০) | শহীদ জাহাঙ্গীর গেইট হতে ১৩ এমপি ইউনিট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, বিউটি স্পট, টিএন্ডটি বক্স, বাস স্ট্যান্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, গাছের গোড়া, পার্ক, সাইন বোর্ড এবং সিভিল এভিয়েশন হতে শহীদ জাহাঙ্গীর গেইট পর্যন্ত ডিভাইডার পেইন্টিং/ চুনকামকরণ। | ১,৩৫,১৩২/- টাকা | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ১,৩৫,১৩২/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (১১) | ১৩ এমপি ইউনিট হতে উত্তর দিকে স্বাধীনতা সরণির চৌরাস্তা পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইনবোর্ড, ফুলের চারী, টিএন্ডটি বক্স, হাজী মহসিনের সামনের বাসস্ট্যান্ড, পুরাতন আরআইএসডির বাসস্ট্যান্ড এর সামনের রাস্তা, বিউটি স্পট, জিআই পাইপের রেলিং/ গ্রীল, গাছের গোড়া, ডিভাইডার ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৮৩,০৫২/- টাকা | মেসার্স এম আর এন্টারপ্রাইজ | ৮৩,০৫২/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১২) | স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, জিআই পাইপের রেলিং/গ্রীল, রজনীগন্ধা এমপি চেকপোস্ট ও বাজারের দক্ষিণ পার্শ্বের গ্রীল, বাউন্ডারী ওয়াল, জনতা ব্যাংকের বাহির সাইড ইত্যাদি মেরামত/রংকরণসহ সাইন বোর্ড লেখার কাজ। | ১,৩৮,৭৫৬/- টাকা | মেসার্স রক বিল্ডার্স | ১,৩৮,৭৫৬/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৩) | শহীদ আনোয়ার গার্লস কলেজের নিকটস্থ চৌরাস্তা হতে উত্তর দিকে ক্যান্টনমেন্ট বোর্ড অফিস পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, এয়ার হাউসের নিকটস্থ পার্ক, জিআই পাইপের রেলিং, ডিভাইডার, টিএন্ডটি বক্স, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ১,৫৩,২১৩/- টাকা | মেসার্স আয়িন এন্ড আম্বরিন ট্রেডার্স | ১,৫৩,২১৩/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৪) | শিখা অনির্বাণের সম্মুখের ফুটপাত, গ্রীল, ঈদগাহ মাঠের গ্রীল, কেন্দ্রীয় মসজিদের সম্মুখের বাহির পার্শ্ব, গম্বুজ ও ওভারহেড ট্যাংক, গোলাপ বাগানের গ্রীল ইত্যাদি মেরামত ও রংকরণ। | ৯৪,৮১৫/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ৯৪,৮১৫/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৫) | পোস্ট অফিস হতে সেনাকুঞ্জ পর্যন্ত ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতাল ও পুরাতন পেট্রোল পাম্পের বাউন্ডারী ওয়াল, ফুলের ড্রাম/চারী, টিএন্ডটি বক্স, গ্যারিসনের সামনের বাসস্ট্যান্ড, বিউটি স্পট, গ্রীল, গাছের গোড়া ও সাইন বোর্ড মেরামতসহ রংকরণ কাজ। | ১,২০,৫৫১/- টাকা | মেসার্স হাবিব এন্ড সন্স কোং | ১,২০,৫৫১/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৬) | সেনাকুঞ্জ হতে স্টাফ রোড পর্যন্ত ফুটপাত, ডিভাইডার, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, টিএন্ডটি বক্স, বিউটি স্পট, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ রংকরণ। | ৬৬,৫১১/- টাকা | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৬৬,৫১১/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৭) | স্টাফ রোড হতে সিএমএইচ এবং পূর্ব দিকে সমুন্নত স্বাধীনতা গেইট পর্যন্ত ফুটপাত, আইল্যান্ড, সাইন বোর্ড, পার্ক, ফুলের চারী, বিউটি স্পট, সমুন্নত স্বাধীনতা গেইট, গ্রীল, গাছের গোড়া ইত্যাদি মেরামতসহ ট্যাংক, কামান রংকরণ। | ৯৬,৬৫০/- টাকা | মেসার্স আজিজ কর্পোরেশন | ৯৬,৬৫০/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৮) | সিএমএইচ হতে সিগন্যাল গেইট পর্যন্ত সাইনবোর্ড, টিএন্ডটি বক্স,ফুটপাতের স্লাব, গাছের গোড়া, সাইন বোর্ড ইত্যাদি মেরামতসহ রংকরণ কাজ। | ৬৯,৫৪০/- টাকা | মেসার্স জ্রিম এন্টারপ্রাইজ | ৬৯,৫৪০/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (১৯) | শহীদ সরণি, স্বাধীনতা সরণি ও অন্যান্য স্থানে মেশিনের সাহায্যে রোড মার্কিং কাজের লেবার চার্জ। | ১,৬৯,৯৯৮/- টাকা | মেসার্স আর এস এন্টারপ্রাইজ | ১,৬৯,৯৯৮/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (২০) | শহীদ সরণিস্থ শহীদ জাহাঙ্গীর গেইট হতে শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা পর্যন্ত এবং স্বাধীনতা সরণির উভয় পার্শ্বের নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ), সিগন্যাল পোল রংকরণ এবং বৈদ্যুতিক সুইচ বোর্ড পেইন্টিংকরণ। | ৭১,০৪৯/- টাকা | মেসার্স দরবার শরীফ এন্টারপ্রাইজ | ৭১,০৪৯/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (২১) | শহীদ সরণিস্থ শহীদ আনোয়ার গার্লস কলেজ চৌরাস্তা হতে সিগন্যাল গেইট পর্যন্ত নিরপত্তা বাতির পোল (ব্র্যাকেট ও শেডসহ) এবং সিগন্যাল পোল পেইন্টিংকরণ। | ৮০,৫৩৭/- টাকা | মেসার্স এম আর আমিন ট্রেডার্স | ৮০,৫৩৭/- টাকা | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| (২২) | স্বাধীনতা সরণি হতে মিরপুর-১৪ নং সেকশনের সংযোগ সড়কে ট্রাফিক নিয়ন্ত্রণের লক্ষ্যে ইউ টার্ন বন্ধের জন্য ফেন্সিং নির্মাণ। | ১,৩৯,৪৪৮/- টাকা | মেসার্স মনির এন্ড কোং | ১,৩৯,৪৪৮/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৩) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্থ ড্রেন মেরামত কাজ। | ১,০১,৫৭১/- টাকা | মেসার্স তাহের এন্টারপ্রাইজ | ১,০১,৫৭১/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৪) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৫/২ নং বাসার পিছনে প্লিন্থ প্রটেকশনসহ ড্রেন নির্মাণ। | ১,০৬,৮২৬/- টাকা | মেসার্স প্রগ্রেসিভ ইঞ্জিনিয়ার্স এন্ড কোং | ১,০৬,৮২৬/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৫) | সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অফিস ভবন, ৩টি টয়লেট, ভিতরের ওয়াল এবং স্টোর রুম মেরামত কাজ। | ৫০,৪৩৭/- টাকা | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৫০,৪৩৭/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৬) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-৬ মেরামত কাজ। | ৪১,২১৫/- টাকা | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৪১,২১৫/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৭) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের ১৪টি শ্রেণী কক্ষে লেকচার স্ট্যান্ডের কাছে প্যাডেস্টাল পাখা সরবরাহ ও বৈদ্যুতিক ওয়্যারিংকরণ। | ৯৪,৫০০/- টাকা | মেসার্স মিন্টু এন্টারপ্রাইজ | ৯৪,৫০০/- টাকা | সংশ্লিষ্ট কলেজ তহবিল |
| (২৮) | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের পরিচালক মহোদয়ের অফিস কক্ষে স্প্লিট টাইপ এসি সরবরাহ ও স্থাপন। | ১,২৬,০০০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ১,২৬,০০০/- টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৯) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের ৪৮/এ নং স্টাফ কোয়ার্টারে ৪টি বৈদ্যুতিক মিটার লাগানোর জন্য সোলার প্যানেল স্থাপন। | ১,৩৩,৬৫০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ১,৩৩,৬৫০/ টাকা | মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (৩০) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ১০০ কেভিএ ২টি জেনারেটরের ইন্টারকানেকশন। | ৭৪,৩৪৫/- টাকা | মেসার্স পালমা ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন | ৭৪,৩৪৫/- টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস |
| (৩১) | সিএমটিডি পুকুরপাড়ের বিউটি স্পটে ৬টি লন লাইট স্থাপন। | ১,১৩,১০৬/ টাকা | মেসার্স আমিন ব্রাদার্স | ১,১৩,১০৬/ টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১০ হতে ২৬ এবং ২৮ হতে ২৯ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদান করে কার্যসম্পাদন করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৩ঃ মিরপুর ডিওএইচএস এলাকার মাস্টার প্ল্যান অনুযায়ী ডেসকো অফিসের জন্য জমি বুঝিয়ে দেয়া।

গৃহীত সিদ্ধান্ত ঃ মাস্টার প্ল্যান অনুযায়ী ডেসকোকে জমি বুঝিয়ে দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৪ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার ইকতিয়ার উদ্দিন খান লিমিটেড এর কালোতালিকাভুক্তকরণ আদেশ ও কার্যাদেশ বাতিল আদেশ পুনর্বিবেচনার নিমিত্তে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ০৫ আগস্ট ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সেনানিবাসের বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করে ভবিষ্যতে কাজ করবেন মর্মে অঙ্গীকারনামা প্রদান করার শর্তে ইকতিয়ার উদ্দিন খান লিমিটেড এর ইতোপূর্বের কালোতালিকাভুক্তকরণ প্রত্যাহারের বিষয়ে সেনাসদর, এজি শাখা, পিএস পরিদপ্তরে তার আবেদন ও অঙ্গীকারনামা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৫ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় নিম্নবর্ণিত প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তর, ঢাকা সেনানিবাসের ১২ আগস্ট, ২০১২ তারিখের ৩৯১৫/৫/ডিওএইচএস/এমকিউ-২ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

(ক) মিরপুর ডিওএইচএস-কে ৭টি ব্লকে বিভাজিত করে ৩টি ব্লকের রাস্তার নম্বর হালনাগাদকরণ।
(খ) ০১টি সিএনজি/রিক্সা স্ট্যান্ড নির্মাণ।
(গ) ০১টি কাঁচা বাজার স্থাপন।
(ঘ) ০১টি ডাস্টবিন নির্মাণ।
(ঙ) মাটি ভরাটের মাধ্যমে ০১টি খেলার মাঠ প্রস্তুতকরণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবতা বিবেচনা করে বিধি মোতাবেক পরবর্তী পদক্ষেপ নেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অকেজো ঘোষিত কঞ্জারভেন্সী ট্রাক (ঢাকা মেট্রো-ন-৭৭৩৭) এর সর্বোচ্চ নিলাম ডাককারীর জামানত বাজেয়াপ্ত করে পুনঃনিলাম দেয়ার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ সর্বোচ্চ ডাককারীর জমাকৃত ১০,০০০/- (দশ হাজার) টাকার জামানত বোর্ডের অনুকূলে বাজেয়াপ্ত করত: পুন: নিলাম ডাক আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ মিরপুর ডিওএইচএস এর বিভিন্ন গুরুত্বপূর্ণ রাস্তায় স্পীড ব্রেকার স্থাপনের জন্য সংশ্লিষ্ট ডিওএইচএস পরিষদ এর ৩১ আগস্ট, ২০১২ তারিখের ১৭০৭/ডিওএইচএস/মিরপুর নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ এ বিষয়ে সেনাসদর, কিউএমজি শাখা, এমএন্ডকিউ পরিদপ্তরের মতামত গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে মেসার্স এন এল এন্টারপ্রাইজ-কে তালিকাভুক্তির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ডিজিএফআই কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করায় মেসার্স এন এল এন্টারপ্রাইজ-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৯ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ২য় শ্রেণীর তালিকাভুক্ত ঠিকাদার মেসার্স আয়িন এন্ড আম্বরিন ট্রেডার্স-কে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে উন্নীতকরণ প্রসংগে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের ০৫ সেপ্টেম্বর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মেসার্স আয়িন এন্ড আম্বরিন ট্রেডার্স-কে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২০ঃ ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে সিসি ক্যামেরা ও নেটওয়ার্ক ক্যাবল স্থাপনের জন্য বিদ্যমান ইলেক্ট্রিক পোল ব্যবহারের অনুমতি প্রদান প্রসংগে সদর দপ্তর লজিস্ট্রিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাসের ১০ সেপ্টেম্বর, ২০১২ ২৩.০১.৯০১.০৯৩. ০১.২৪৩.৫৬.১০.০৯.১২ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী এ রাস্তায় কোন ওভারহেড লাইন রাখা যাবে না বিধায় আন্ডারগ্রাউন্ড ক্যাবল এর মাধ্যমে কার্যক্রম গ্রহণের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে আন্ডারগ্রাউন্ড লাইন স্থাপনের সময় অন্যান্য ভূগর্ভস্থ ক্যাবল, পানি, গ্যাস, বিদ্যুৎ ইত্যাদির লাইন কোন ক্রমেই ক্ষতিগ্রস্থ করা যাবে না। কোন লাইন ক্ষতিগ্রস্থ হলে তা নিজ খরচে ও দায়িত্বে মেরামত করে দিতে হবে। ক্যামেরা সংযোজনের সময় উচ্চতা নির্ধারণের ক্ষেত্রে ভবিষ্যতে হাই টেনশন বৈদ্যুতিক লাইন স্থাপন/অপসারণের কাজে যেন কোন বিঘ্ন না ঘটে তা লক্ষ্য রাখতে হবে। এছাড়া কার্য সম্পাদনের সময় ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখার সাথে যোগাযোগ রাখতে হবে।

আলোচ্যসূচী-২১ঃ স্বাধীনতা সরণির বনানী এমপি চেকপোষ্ট ও রজনীগন্ধা এমপি চেকপোষ্ট এর রাস্তার মাঝখানে রোড ডিভাইডারের মধ্যে ২টি ২০ লম্বা পাইপসহ সিসি ক্যামেরা স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে সদর দপ্তর লজিস্টিকস্ এরিয়া, ঢাকা সেনানিবাসের ২৭ আগস্ট, ২০১২ তারিখের ২৩.০১.৯০১.০৯৩.০১.০৪৮.৫৬.২৭.০৮.১২ নং পত্র ও তৎসযোজিত লিংক-৩ টেকনোলজিস লিঃ এর ১৪ আগস্ট, ২০১২ তারিখের আবেদন আলোচনা ও সিদ্ধান্তের জন্য সভায় উপস্থাপন করা হলো।

গৃহীত সিদ্ধান্ত ঃ এমপি ইউনিটের মতামত গ্রহণ করে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-২২ঃ রজনীগন্ধা টাওয়ার এর ৪র্থ তলায় কিউএমজি মহোদয়ের কোটায় ০৪(চার)টি দোকানের বরাদ্দ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ রজনীগন্ধা টাওয়ার এর ৪র্থ তলায় কিউএমজি মহোদয়ের কোটায় নিম্নবর্ণিত ০৪(চার)টি দোকান তলা ভিত্তিক প্রাপ্ত সর্ব নিম্ন দরের অর্ধেক সালামীতে কিউএমজি মহোদয়ের অফিস হতে প্রেরিত তালিকা মোতাবেক নিম্নবর্ণিতভাবে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | তলা | দোকান নম্বর | আয়তন (বর্গফুট) | বরাদ্দ প্রাপ্তের নাম | তলা ভিত্তিক প্রাপ্ত সর্বনিম্ন দর (প্রতি বর্গ ফুট) | সালামী প্রতি বর্গফুট (প্রাপ্ত সর্বনিম্ন দরের অর্ধেক) | মোট সালামীর পরিমাণ |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | ৪র্থ তলা | ৭ | ১২১.৭৬ | মেজর আলীম হোসেন খান (অবঃ) | ১৫,১০২/- | ৭,৫৫১/- | ৯,১৯,৪১০/- |
| ২। | ৪র্থ তলা | ১২ | ১৩৬.৬৫ | মেজর মোঃ শওকত হায়দার (অবঃ) | ১৫,১০২/- | ৭,৫৫১/- | ১০,৩১,৮৪৪/- |
| ৩। | ৪র্থ তলা | ১৬ | ১৩৬.৬৫ | সিনিয়র ওয়ারেন্ট অফিসার শ্রী নিহার রঞ্জন কর (অবঃ) | ১৫,১০২/- | ৭,৫৫১/- | ১০,৩১,৮৪৪/- |
| ৪। | ৪র্থ তলা | ১৯ | ১৩৩.৭৬ | কর্পোঃ মোঃ আবু তাহের (অবঃ) | ১৫,১০২/- | ৭,৫৫১/- | ১০,১০,০২২/- |

চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-২৩ঃ মিরপুর ডিওএইচএস এলাকার ডিপার্টমেন্টাল শপের জন্য বরাদ্দকৃত ২০×৩০ জায়গায় ৩০ জানুয়ারি, ২০১৩ পর্যন্ত দোকান পরিচালনার অনুমতি প্রদান সংক্রান্ত স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১৭ সেপ্টেম্বর, ২০১২ তারিখের ৬২৪/১/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উক্ত দোকানটির মেয়াদ ৩০ জানুয়ারি, ২০১৩ তারিখ পর্যন্ত বর্ধিত করার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত সময়ের মধ্যে আলোচ্য স্থানটি খালি করে ক্যান্টনমেন্ট বোর্ডের নিকট বুঝিয়ে দিতে হবে। বিষয়টি বরাদ্দ গ্রহীতা লেঃ কর্ণেল খান এম এ তাহের (অবঃ)-কে অবহিত করা হোক।

আলোচ্যসূচী-২৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেট কমিটির বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে রজনীগন্ধা সুপার মার্কেট এডহক কমিটির উপর অর্পিত দায়িত্বসমূহ যথাযথভাবে প্রতিপালন করতে না পারায় উক্ত এডহক কমিটি বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হলো। এখন হতে ক্যান্টনমেন্ট বোর্ডের সরাসরি তত্ত্বাবধানে মার্কেট পরিচালনার জন্য নিম্নবর্ণিতভাবে একটি কমিটি গঠন করার হলো ঃ-

(১) ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট। -- সভাপতি
(২) ১ × অফিসার, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। -- সদস্য
(৩) ১×সহকারী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড (সিইও কর্তৃক মনোনীত)। -- সদস্য

(৪) কঞ্জারভেন্সী অফিসার, ঢাকা ক্যান্টনমেনমেন্ট বোর্ড। -- সদস্য
(৫) উপ-সহঃ প্রকৌশলী (পাঃ/বিঃ), ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(৬) ৩×ট্যাক্স কালেক্টর, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড (সিইও কর্তৃক মনোনীত) -- সদস্য
(৭) ১×কঞ্জারভেন্সী সুপারভাইজার, ঢাকা ক্যান্টঃ বোর্ড (সিইও কর্তৃক মনোনীত) -- সদস্য
(৮) ইমাম, রজনীগন্ধা সুপার মার্কেট জমে মসজিদ। -- সদস্য
(৯) ২ × দোকান মালিক (সিইও কর্তৃক মনোনীত) -- সদস্য
(১০) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য-সচিব

আলোচ্যসূচী-২৫ঃ বারিধারা ডিওএইচএস কনভেনশন পরিচালনার নীতিমালার বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ (ক) বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টার ব্যবহার ও পরিচালনার বিষয়ে বর্তমান সেনাপ্রধান ও ভূতপূর্ব কিউএমজি মহোদয়ের নির্দেশনা মোতাবেক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত হবে। বারিধারা ডিওএইচএস পরিষদ কনভেনশন সেন্টার পরিচালনা করে এর আয়কে পরিষদ এর আয়ের উৎস হিসেবে গণ্য করতে চেয়েছিল। এক্ষেত্রে কনভেনশন সেন্টারটি যেহেতু ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক নির্মিত সে কারণে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক পরিচালিত হবে এবং এর আয়ের ৬৫% ক্যান্টনমেন্ট বোর্ড এবং ৩৫% ডিওএইচএস পরিষদকে প্রদান করতে হবে। এক্ষেত্রে পরিষদ কর্তৃক পূর্ববর্তী আয় সমন্বয় করতে হবে। কনভেনশন সেন্টার পরিচালনার জন্য পূর্ণাঙ্গ নীতিমালা প্রস্তুতের জন্য নিম্নোক্ত কমিটি গঠন করা হলো.ঃ-

(১) মেজর মোঃ জাকির হায়দার বীর, স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। -- সভাপতি
(২) নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য
(৩) রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। -- সদস্য

উক্ত কমিটি কর্তৃক প্রণীত নীতিমালা ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এর মাধ্যমে আগামী বোর্ডসভায় উপস্থাপন করতে হবে।

(খ) পূর্ণাঙ্গ নীতিমালা প্রস্তুতির পূর্ব পর্যন্ত নিম্নোক্ত হারে ভাড়া আদায় করা হবে ঃ-

| ক্রমিক নং | ব্যবহারকারীর শ্রেণী | হল ভাড়া | বিদ্যুৎ বিল | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | প্রতিরক্ষা বাহিনীর সদস্য(চাকুরীরত/অবসরপ্রাপ্ত) | ১৫,০০০/- টাকা | ৫,০০০/- টাকা | |
| (২) | প্রতিরক্ষা বাজেট হতে বেতন-ভাতা প্রাপ্ত বারিধারা ডিওএইচএস এলাকার বাসিন্দা। | ১৫,০০০/- টাকা | ৫,০০০/- টাকা | |
| (৩) | বারিধারা ডিওএইচএস এর প্লট/ফ্ল্যাট মালিক (প্রতিরক্ষা বাহিনীর সদস্য নয়) | ১৫,০০০/- টাকা | ৫,০০০/- টাকা | |
| (৪) | ক্রমিক নং-১, ২ ও ৩ এ উল্লেখিত ব্যক্তিবর্গ ব্যতীত বারিধারা ডিওএইচএস এলাকায় বাসিন্দা | ৪০,০০০/- টাকা | ৫,০০০/- টাকা | |
| (৫) | প্রতিরক্ষা মন্ত্রণালয়/ডিএমএলএন্ডসি/এমইও/ ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা | ১৫,০০০/- টাকা | ৫,০০০/- টাকা | |
| (৬) | বেসামরিক ব্যক্তিবর্গ (বারিধারা ডিওএইচএস এর বাসিন্দা নয়)। | ৫০,০০০/- টাকা | ৫,০০০/- টাকা | |

(গ) বোর্ড কর্তৃক পরিচালনাকালে কনভেনশন সেন্টারের যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট তহবিল হতে নির্বাহ করতে হবে। এক্ষেত্রে প্রতি তিন মাস পর পর আয়-ব্যয়ের হিসাব অনুমোদনের জন্য বোর্ড সভায় উপস্থাপন করতে হবে।

(ঘ) বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারে বর্তমানে নিয়োজিত বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ৩১ ডিসেম্বর, ২০১২ তারিখ পর্যন্ত পূর্ববর্তী শর্ত মতে ডিওএইচএস পরিষদ কর্তৃক কার্যক্রম পরিচালনা করবে। ০১ জানুয়ারি, ২০১৩ তারিখ হতে বোর্ডের অনুমোদিত নীতিমালা অনুযায়ী কনভেনশন সেন্টার পরিচালিত হবে। এ ক্ষেত্রে ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

(ঙ) কনভেনশন সেন্টারের কার্যক্রম জোরদার করার জন্য বিটিসিএল এর একটি টেলিফোন সংযোগ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার পরবর্তী কার্যক্রম গ্রহণ করবেন।

আলোচ্যসূচী-২৬ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে ক্যান্টিন পরিচালনা প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টিন পরিচালনার জন্য নির্দিষ্ট স্পেস নির্ধারণ করে নীতিমালা প্রণয়ন করতঃ প্রকাশ্য দরপত্র আহবান করে ক্যান্টিন পরিচালনাকারী/ক্যাটারার নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

আলোচ্যসূচী-২৭ঃ ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত আবাসিক ভবন (বাসা) এর ভাড়া নির্ধারণ সংক্রান্ত আবেদন পুনর্বিবেচনা সংক্রান্ত এস এম এমদাদুল হক (যুগ্ম-সচিব), সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের ১৮ সেপ্টেম্বর, ২০১২ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের জন্য ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬ নং রোডে ৬৮/এ নং ডুপ্লেক্স বাসাটি নির্মাণ করা হয়। বর্তমানে পরিচালক উক্ত বাসায় বসবাস না করায় বাসাটির নিচতলা এবং উপর তলা দুই জন কর্মকর্তার নামে বরাদ্দ প্রদান করা হয়েছে। নথি পর্যালোচনায় দেখা যায় উক্ত বাসার নিচতলায় ২১৬৯ এবং দ্বিতীয় তলায় ২২৮৯ বর্গফুট স্পেস রয়েছে। উক্ত বাসাটি পরিচালক এর নামে বরাদ্দ করলে তাঁর বেতন কাঠামো অনুযায়ী ন্যূনতম ২৯,০০০/- × ৫৭.৫০% = ১৬,৬৭৫/- (ষোল হাজার ছয়শত পঁচাত্তর) টাকা (রক্ষণাবেক্ষণসহ) বাড়ী ভাড়া বাবদ আদায় হতো। বর্তমানে উক্ত বাসায় বসবাসরত দুই জন কর্মকর্তাকে প্রতি বর্গফুট ৬/- টাকা হিসেবে বরাদ্দ প্রদান করলে নিচতলা ২১৬৯ বঃ ফুঃ × ৬/- = ১৩,০১৪/- টাকা এবং দ্বিতীয় তলা ২২৮৯ বঃ ফুঃ × ৬/- = ১৩,৭৩৪/- টাকা অর্থাৎ ১৩,০১৪/- + ১৩,৭৩৪/- = ২৬,৭৪৮/- (ছাব্বিশ হাজার সাতশত আটচল্লিশ) টাকা আদায় হবে। এর ফলে ক্যান্টনমেন্ট বোর্ডের রাজস্ব কমতি হবে না। সার্বিক বিষয়টি পর্যালোচনান্তে ৬৮/এ নং বাসার ভাড়া প্রতি বর্গফুট ৬/- টাকা হারে নিচতলার জন্য ১৩,০১৪/- (তের হাজার চৌদ্দ) টাকা এবং দ্বিতীয় তলার জন্য ১৩,৭৩৪/- (তের হাজার সাতশত চৌত্রিশ) টাকা নির্ধারণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ ভাড়া সংশ্লিষ্ট কর্মকর্তার বাসা বরাদ্দের তারিখ হতে কার্যকর হবে। তাঁদের বাসা বরাদ্দের পূর্বের পত্রটি এ সিদ্ধান্তের আলোকে সংশোধন করতে হবে এবং জরুরী ভিত্তিতে সকল ভাড়া পরিশোধ করার জন্য পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রসংগে উল্লেখ্য যে, বাস্তবতার নিরিখে ভবিষ্যতে প্রতি বর্গফুট ভাড়ার হার যুক্তিসঙ্গতভাবে বৃদ্ধি করতে হবে।

২৮ বিবিধ-১ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | জনাব মোঃ আক্তারুজ্জামান | ৪৮৮ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৭ তলা (৬ষ্ঠ তলার উপর ৭ম তলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ অবশিষ্ট ভার্টিক্যাল এক্সটেনশনের সংশোধিত নকশা এমআইএসটি হতে কারিগরী ভেটিং সম্পন্ন হওয়ার প্রেক্ষিতে অনুমোদন করা হলো। তবে এমআইএসটি কর্তৃক ভেটিং বাবদ যাবতীয় খরচ প্লট মালিককে বহন করতে হবে।

২৮ বিবিধ-২ঃ গত ১৩ আগস্ট, ২০১২ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০(৩০) এর অনুবৃত্তিক্রমে মিরপুর ডিওএইচএস এর ৫২০ নং প্লটে স্টীল স্ট্রাকচারের মাধ্যমে ৬ষ্ঠ তলার উপর ৭ম তলা নির্মাণের নকশা অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্যান্টনমেন্ট বোর্ড হতে নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | এমইএস সিডিউল অব রেইটস্, ২০১০ মোতাবেক মূল্যানুমান | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | বনানী সামরিক কবরস্থানে নব-নির্মিত ৪টি নতুন লাইনে কবর দেয়ার স্থানে মাটি ভরাট কাজ। | ৫,৮২,৬৮৯/- টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস |
| (২) | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের সামনে গ্যাস ভাল্বপিট নির্মাণ ও সিইও এর বাংলো এর গ্যাস লাইন মেরামত কাজ। | ২২,৬৫১/- টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস |
| (৩) | বারিধারা ডিওএইচএস কনভেনশন সেন্টারের সাব-স্টেশনে এইচটি মিটার স্থাপন। | ৩,২৪,০০০/- টাকা | বারিধারা ডিওএইচএস বিবিধ তহবিল |
| (৪) | বনানী সামরিক কবরস্থানে অতিরিক্ত ৩টি লেইন নির্মাণ কাজ। | ৩,৯৭,৩২৬/- টাকা | বোর্ডের স্থানীয় আয়ের উৎস |
| (৫) | মিরপুর ডিওএইচএস এর ৪০ এবং ৪৪ নং রোডের সরকার বাড়ীর অংশে মাটি ভরাট ও কাঁটা তারের বেড়া স্থাপন। | ৯,৯৫,৫৫৬/- টাকা | মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-৪ঃ রজনীগন্ধা সুপার মার্কেট ফরমালিনমুক্তকরণের লক্ষ্যে ডিজিটাল ফরমালডিহাইড মিটার (Formaldehyde Meter, Model Z-300, Brand . Environmental Sensors Co, Country of Origin : USA) ক্রয়ের জন্য ১,৩১,০০০/- টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে সংশ্লিষ্ট ডিলারের নিকট হতে সরাসরি ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-৫ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৬৫/ডি নং বিল্ডিং এর সম্মুখে শিশু পার্কের বাউন্ডারী ওয়াল ও গেইট নির্মাণ এবং আরসিসি পাইপ ড্রেন পুনঃস্থাপন কাজ। | ২,৯১,০৩০/- টাকা | রিকহাম ইন্টারন্যাশনাল | ২,৯১,০৩০/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |
| (২) | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের উত্তরাংশে ০৬ তলার ভিতসহ ২য় তলা পর্যন্ত ক্লাশরুম নির্মাণ। | ২,৭৮,২৯,৪৪১/- টাকা | মেসার্স আলী কনস্ট্রাকশন এন্ড সাপ্লায়ার্স | ৩,৪৬,৪৯,৯৭৩/- টাকা | অনুদান |
| (৩) | ঢাকা সেনানিবাসস্থ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদ (আল্লাহু মসজিদ) এর জন্য কার্পেট ক্রয়। | ২২,৫০,০০০/- টাকা | মেসার্স এম এইচ এন্টারপ্রাইজ | ২৪,৪৮,০০০/- টাকা | অনুদান/ বোর্ড ফান্ড |
| (৪) | মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/সি নং রোডের উচ্চতা বৃদ্ধি এবং প্রশস্ত করণসহ কার্পেটিং কাজ। | ২৯,০৯,৩৫৪/- টাকা | মেসার্স সরদার ট্রেডার্স | ৩০,২৪,২৭৩/- টাকা | বোর্ডের স্থানীয় আয় |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকল্পগুলি চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

২৮ বিবিধ-৬ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জনবল কাঠামো অনুমোদন।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতাল ৩৪ শয্যা হতে ১০০ শয্যায় উন্নীত করায় অতিরিক্ত জনবল নিয়োগের জন্য ৪২টি পদ হতে ১৫৭টি পদের জনবল কাঠামো (পরিশিষ্ট-'খ') অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। তবে হাসপাতালের চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে প্রস্তাবিত জনবল কাঠামোর মধ্যে অত্যাবশ্যকীয় পদগুলোকে মাস্টাররোলে জরুরী ভিত্তিতে লোক নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-৭ঃ একটি পেন্টিয়াম-৪ কম্পিউটার ক্রয়ের নিমিত্তে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত (ক-৫) হতে ব্যয় সংকুলান সাপেক্ষে ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ব্যয়ে একটি পেন্টিয়াম-৪ কম্পিউটার ক্রয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-৮ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলার ১১ ও ৩য় তলার ১৭ নং দোকানের বিপরীতে জমাকৃত জামানত ফেরত প্রদানের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স দোকান/স্পেস বরাদ্দের অনুমোদিত নীতিমালার অনুচ্ছেদ-৭ এর শর্ত মোতাবেক সর্বোচ্চ ডাককারী দোকান/স্পেস গ্রহণে অসম্মতি জ্ঞাপন করায় জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-৯ঃ রজনীগন্ধা সুপার মার্কেটস্থ রজনীগন্ধা টাওয়ার ও স্বাধীনতা সরণির পশ্চিম পার্শ্বে ১৬ দোকানের চুক্তিপত্র অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ চুক্তিপত্র অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। স্বাধীনতা সরণির পশ্চিম পার্শ্বে ১৬ দোকান এর মার্কেটটি দ্রুত চালু করার পদক্ষেপ গ্রহণ করা হোক।

২৮ বিবিধ-১০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ড সদস্যদের সম্মানী প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের সম্মানিত সদস্যগণকে প্রতি সভায় উপস্থিতির জন্য ২,০০০/- (দুই হাজার) টাকা করে সম্মানী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৮ বিবিধ-১১ঃ মিরপুর ডিওএইএস এবং মিরপুর ক্যান্টনমেন্টে বাংলা ফোন এর Fibre Optical Cable জন্য DESCO এর বৈদ্যুতিক পোল ব্যবহারের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ আবেদনপত্রের আলোকে আবেদনকারীকে চাহিত বিষয়ে অনুমতি প্রদান করা যাবে কি না সে বিষয়ে পরবর্তী নির্দেশনা প্রদানের জন্য স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-১২ঃ ১৯৫৪ সালের ক্যান্টনমেন্ট সার্ভেন্টস রুলের ৭(৫) ধারা মোতাবেক ক্যান্টনমেন্ট পরিচালক, সাভূসে অধিদপ্তরের মাধ্যমে নিয়োগকৃত কর্মকর্তাদের নাম গেজেটে প্রকাশের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত ঃ সার্ভেন্টস রুলের সংশ্লিষ্ট ধারার নির্দেশনা মোতাবেক গেজেট প্রকাশের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ-১৩ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আউটসোর্সিং এর মাধ্যমে Cleaning Service চালু করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ গত ০১ জুলাই ২০১২ তারিখ হতে নব-নির্মিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে নতুন আঙ্গিকে অপেক্ষাকৃত বৃহৎ পরিসরে চিকিৎসা কার্যক্রম শুরু হয়েছে। সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আউটসোর্সিং এর মাধ্যমে Cleaning Service চালু করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৮ বিবিধ-১৪ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে আউটসোর্সিং এর মাধ্যমে Security Service চালু করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, নব-নির্মিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালে নতুন আঙ্গিকে অপেক্ষাকৃত বৃহৎ পরিসরে চিকিৎসা কার্যক্রম শুরু হওয়ায় পূর্বের ৩ জন নিরাপত্তা প্রহরী দিয়ে হাসপাতালের নিরাপত্তা কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছেনা। বিস্তারিত আলোচনান্তে আউট সোর্সিং এর মাধ্যমে নিরাপত্তা প্রহরী নিয়োগ করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৮ বিবিধ-১৫ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বর্জ্য অপসারণ ও অটোক্লেভ প্রক্রিয়া চালু করণ।

গৃহীত সিদ্ধান্ত ঃ ১০০ শয্যা বিশিষ্ট নব-নির্মিত সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের বর্জ্য অপসারণ ও অটোক্লেভকরণের জন্য যোগ্যতা সম্পন্ন প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্তে দরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯.০৯.২০১২

**( মোঃ রেজাউল ইসলাম )**
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

**( ব্রিগেডিয়ার জেনারেল তানভির হাসান মজুমদার )**
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট 'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

| | | |
|---|---|---|
| (১) | ক্যাপ্টেন এস এম হাকিম, (এনডি), এনসিসি, পিএসসি, বিএন<br>অধিনায়ক, বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (২) | কমান্ডার এম নিজামুল হক (ট্যাজ) পিএসসি, বিএন<br>এক্সিকিউটিভ অফিসার, বিএনএস হাজী মহসিন<br>প্রতিনিধি, অধিনায়ক (প্রশাসনিক শাখা)<br>বিমানবাহিনী ঘাটি বাশার, ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৩) | লেঃ কর্ণেল আতিকুল হক চৌধুরী, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস<br>ও<br>সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৪) | মেজর শেখ মঈনউদ্দিন, স্টেশন হেলথ অফিসার, প্রতিনিধি, কমান্ড্যান্ট<br>সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৫) | কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক<br>বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | উপস্থিত |
| (৬) | জনাব হেলাল উদ্দিন আহমেদ<br>বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস<br>ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |
| (৭) | শাহে এলিদ মাইনুল আমিন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | অনুপস্থিত |

পরিশিষ্ট- 'খ'

# সিরাজ খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের সাংগঠনিক কাঠামো(organogram)

বিদ্যমান পদ = ৪২

প্রস্তাবিত পদ = ১১৪

সর্বমোট = ১৫৬

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার

↓

চীফ মেডিকেল অফিসার

| পদের নাম | বিদ্যমান পদ | প্রস্তাবিত পদ | মোট |
|---|---|---|---|
| সিনিয়র মেডিক্যাল অফিসার | ১ | ০ | ১ |
| জুনিয়র কনসালটেন্ট | ০ | ৭ | ৭ |
| মেডিক্যাল অফিসার) | ৩ | ৮ | ১১ |
| ল্যাব টেকনিশিয়ান | ১ | ১ | ২ |
| মেডিক্যাল টেকনোলজিস্ট (রেডিওলজি) | ০ | ২ | ২ |
| মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি) | ০ | ২ | ২ |
| মোট | ৫ | ২০ | ২৫ |

| পদের নাম | বিদ্যমান পদ | প্রস্তাবিত পদ | মোট |
|---|---|---|---|
| ফার্মাসিস্ট | ১ | ০ | ১ |
| ডেন্টিস্ট | ১ | ০ | ১ |
| মোট | ২ | ০ | ২ |

| পদের নাম | বিদ্যমান পদ | প্রস্তাবিত পদ | মোট |
|---|---|---|---|
| নার্স সুপারভাইজার | ০ | ৩ | ৩ |
| সিনিয়র স্টাফ নার্স | ৯ | ৩৩ | ৪২ |
| মেডিক্যাল এসিস্ট্যান্ট | ২ | ২ | ৪ |
| ড্রেসার | ১ | ১ | ২ |
| ও.টি টেকনিশিয়ান | ১ | ৮ | ৯ |
| মোট | ১৩ | ৪৭ | ৬০ |

| পদের নাম | বিদ্যমান পদ | প্রস্তাবিত পদ | মোট |
|---|---|---|---|
| প্রশাসনিক কর্মকর্তা | ০ | ১ | ১ |
| অফিস সহকারী | ০ | ৪ | ৪ |
| রেকর্ড কিপার | ১ | ০ | ১ |
| রিসিপশনিস্ট | ০ | ৬ | ৬ |
| স্টোর কিপার | ০ | ১ | ১ |
| ওয়ার্ড মাস্টার | ১ | ২ | ৩ |
| ইলেকট্রিক লাইনম্যান | ১ | ১ | ২ |
| পিয়ন | ১ | ৩ | ৪ |
| ড্রাইভার | ১ | ২ | ৩ |
| আয়া | ১ | ৭ | ৮ |
| দপ্তরী | ১ | ০ | ১ |
| জুনিয়র মেকানিক/পাম্প অপারেটর | ০ | ১ | ১ |
| স্ট্রেচার বাহক | ১ | ১ | ২ |
| সুইপার | ৬ | ৩ | ৯ |
| ধুপী | ১ | ১ | ২ |
| পাচক | ১ | ০ | ১ |
| মশালচি | ০ | ১ | ১ |
| চৌকিদার | ৩ | ৬ | ৯ |
| ওয়ার্ড বয় | ০ | ৮ | ৮ |
| ল্যাব এটেনডেন্ট | ১ | ২ | ৩ |
| ডার্ক রুম সহকারী | ০ | ১ | ১ |
| মোট | ২০ | ৪৫ | ৬৬ |

| পদের নাম | বিদ্যমান পদ | প্রস্তাবিত পদ | মোট |
|---|---|---|---|
| হিসাব রক্ষণ কর্মকর্তা | ০ | ১ | ১ |
| হিসাব রক্ষক | ০ | ১ | ১ |
| ক্যাশিয়ার | ১ | ০ | ১ |
| হিসাব করণিক | ১ | ০ | ১ |
| মোট | ২ | ২ | ৪ |

২৮.০৩.২০১২
(মোঃ রেজাউল ইসলাম)
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট

প্রেসিডেন্ট
ক্যান্টনমেন্ট বোর্ড
ঢাকা ক্যান্টনমেন্ট